সংবাদ

তারিখ ..... 30 APR 2009
পৃষ্ঠা ... ১২ কলাম ... ৫

# শিক্ষানীতি কমিটির প্রথম বৈঠক ৩ মে

নিজস্ব বার্তা পরিবেশক

আগস্ট মাসের প্রথম সপ্তাহেই যুগোপযোগী শিক্ষাব্যবস্থা চালু করার সুপারিশ উপস্থাপন করবে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন্ কমিটি। এ লক্ষ্যকে সামনে রেখে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি প্রথম বৈঠকে বসছে আগামী ৩ মে রোববার।

গতকাল নবগঠিত শিক্ষা প্রণয়ন কমিটির সদস্য সচিব ও জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) পরিচালক (প্রশিক্ষণ) অধ্যাপক শেখ ইকরামুল কবির কমিটির সব সদস্যকে এ সংক্রান্ত চিঠি পাঠিয়েছেন। কমিটির প্রথম বৈঠকে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ উপস্থিত থাকবেন বলে জানা গেছে। কমিটির প্রথম আনুষ্ঠানিক বৈঠকে শিক্ষানীতি প্রণয়নের জন্য কর্মপরিকল্পনা নির্ধারণ করা হবে বলে সূত্র জানায়। কমিটি বৈঠকের ৩ মাসের মধ্যে আমাদের দেশের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে প্রায়োগিক শিক্ষাব্যবস্থা চালু জন্য একটি রিপোর্ট পেশ করবে।

কমিটি প্রসঙ্গে আলাপকালে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ 'সংবাদ'কে জানান, ঘোষিত কমিটি তাদের প্রথম সভা থেকে ৩ মাসের মধ্যে প্রণীত সুপারিশ শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করবে। তারা শিক্ষানীতি-২০০০ অধিকতর সংশোধন করে একটি

বৈঠক : পৃ: ২ ক: ৪

## বৈঠক : ৩ মে

সময়োপযোগী শিক্ষানীতি প্রণয়ন করবে।

শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য সচিব অধ্যাপক ইকরামুল কবির সংবাদকে বলেন, আমাদের দেশের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে প্রায়োগিক শিক্ষাব্যবস্থা চালু করার লক্ষ্যে একটি নীতি প্রণয়ন করাই এ কমিটির মূল উদ্দেশ্য। এর জন্য ১৯৭৪ সালে প্রণীত ড. কুদরত-এ-খোদা শিক্ষা কমিশনের আলোকেই বেশিরভাগ কাজ করা হবে।

বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর কবির চৌধুরীকে প্রধান করে ১৬ সদস্যবিশিষ্ট জাতীয় শিক্ষা কমিটি গঠন করা হয় গত ৬ এপ্রিল। ঘোষিত কমিটির সদস্যরা হলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি ড. কাজী খলীকুজ্জমান আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলম, শিক্ষা গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক সিদ্দিকুর রহমান ও লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. জারিনা রহমান খান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক নিতাই চন্দ্র সূত্রধর, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমদ, সাবেক অতিরিক্ত সচিব সিরাজ উদ্দিন আহমদ ও আবু হাফিজ, সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার সাবেক অধ্যক্ষ মাওলানা প্রফেসর এবিএম সিদ্দিকুর রহমান, ব্যারিস্টার নিহাদ কবির, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী এবং কমিটির সদস্য সচিব হিসেবে কাজ করবেন নায়েমের পরিচালক (প্রশাসন) অধ্যাপক শেখ ইকরামুল কবির।